


বিভাগীয় কার্যাবলী

১. অভ্যন্তরীণ ও উপকূলীয় নৌ-পথের হাইড্রোগ্রাফিক জরিপ এবং চার্ট প্রণয়ন।
২. নৌ-পথে নিরাপদে চলাচলের স্বার্থে বয়া, বাতি ও বীকন স্থাপনের লক্ষ্যে হাইড্রোগ্রাফিক জরিপ।
৩. প্রয়োজনীয় নাব্যতা সংরক্ষণের জন্য প্রি-ব্যান্ডেলিং জরিপ, প্রি ও পোস্ট-ডেজিং হাইড্রোগ্রাফিক জরিপ।
৪. নৌপথের নাব্যতা রক্ষার্থে ও নদীর পানির প্রবাহ সচলকরণের লক্ষ্যে অভ্যন্তরীণ ও উপকূলীয় নৌ-পথের পানি সমতল উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ ও বিতরণ।
৫. নির্দিষ্ট সময় অন্তর পানি সমতল উপাত্তের বিশ্লেষণ করে Standard High Water Level (SHWL) এবং Standard Low Water Level (SLWL) এর মান নির্ধারণ।
৬. অভ্যন্তরীণ নৌপথের উপরে (সেতু, কালভার্ট, বৈদ্যুতিক ক্যাবল প্রভৃতি) অথবা তলদেশে স্থাপনাদি (গ্যাস লাইন, পাইপ লাইন, টানেল প্রভৃতি) নির্মাণে নেভিগেশন ছাড়পত্র প্রদানের লক্ষ্যে Standard High Water Level (SHWL) ও Standard Low Water Level (SLWL) সরবরাহকরণ।
৭. হাইড্রোগ্রাফিক জরিপ চার্ট প্রণয়নে সংগৃহীত গেজ উপাত্তের ব্যবহার।
৮. গেজ উপাত্ত সংগ্রহ ও বিশ্লেষণ করে বাৎসরিক জোয়ার ভাটার আগাম পঞ্জিকা (Tide Table) প্রকাশ এবং চাহিদা মারফিক সরবরাহ/বিক্রয়।
৯. নৌ-পথে বিভিন্ন স্থানসমূহে মধ্যে দূরত্ব (নৌ-দূরত্ব) নির্ধারণ করে তা পুস্তিকা আকারে প্রকাশ এবং তা সরকারী বেসরকারী সংস্থার চাহিদানুযায়ী সরবরাহ।
১০. সংগৃহীত গেজ উপাত্ত সমূহ চাহিদা মারফিক বিভিন্ন গবেষণামূলক ও শিক্ষা প্রতিষ্ঠানের নিকট সরবরাহ/বিক্রয়।
১১. সমুদ্রসীমা (Maritime Boundary) নির্ধারণে Base Line, EEZ (Exclusive Economic Zone), Continental Shelf চিহ্নিত করনের লক্ষ্যে গেজ-উপাত্ত সংগ্রহ ও কো-টাইডাল চার্ট প্রণয়নে পররাষ্ট্র মন্ত্রণালয়কে কারিগরী সহায়তা প্রদান।
১২. পরিচ্ছন্ন চার্ট প্রণয়ন, প্রকাশ ও যথাযথ সংরক্ষণ এবং চাহিদামারফিক প্রিন্ট কপি সরবরাহ ও বিক্রয়।
১৩. কৃত্রিম উপগ্রহ ভিত্তিক অবস্থান নির্ণয়ক ডিজিপিএস পদ্ধতিতে (Differential Global Positioning System) নিরবিচ্ছিন্ন (Uninterrupted) সংকেত সম্প্রচার।
১৪. ডিজিপিএস (Differential Global Positioning System) এর সঙ্গে সকল আনুষঙ্গিক যন্ত্রপাতি (ট্রান্সমিটার, রিসিভার, ডিজেল জেনারেটর ইত্যাদি) অফিস ও মাঠ পর্যায়ে মেরামত ও সংরক্ষণ।
১৫. হাইড্রোগ্রাফিক জরিপ কাজে ব্যবহৃত সকল যন্ত্রপাতি (ইকোসাউন্ডার, ওয়াটার লেভেল রেকর্ডার, টোটাল স্টেশন ইত্যাদি) অফিসে ও মাঠপর্যায়ে স্থাপন, মেরামত ও রক্ষণাবেক্ষণ।
১৬. কর্তৃপক্ষে ব্যবহৃত সকল এইচএফ এসএসবি, ভিএইচএফ সেট স্থাপন, মেরামত ও রক্ষণাবেক্ষণ।
১৭. কর্তৃপক্ষে ব্যবহৃত বিভিন্ন ধরনের ইলেকট্রনিক যন্ত্রপাতি সংগ্রহ, স্থাপন, মেরামত ও রক্ষণাবেক্ষণে কারিগরি সহায়তা প্রদান।
১৮. কর্তৃপক্ষে ব্যবহৃত সকল শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র ও রেফ্রিজারেটর সংগ্রহ, স্থাপন, মেরামত ও রক্ষণাবেক্ষণ।
১৯. উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন।
২০. গভীর সমুদ্র বন্দর স্থাপনে নৌ-পরিবহন মন্ত্রণালয়কে কারিগরি সহায়তা প্রদান।


০২/০৩/২৬

মোঃ আমিনুল ইসলাম
সহকারী পরিচালক (টাইড)